

ছাত্রীকে যৌন হয়রানির দায়ে ভিকারুননিসার শিক্ষক বরখাস্ত

অনলাইন ডেস্ক

৬ সেপ্টেম্বর ২০২৩ ১১:৫৭ পিএম | আপডেট: ৭ সেপ্টেম্বর ২০২৩ ১২:০০ এএম

16
Shares



ছবি: সংগৃহীত

advertisement..

ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের বসুন্ধরা শাখার ইংরেজি শিক্ষক আবু সুফিয়ানকে বরখাস্ত করেছে কর্তৃপক্ষ। আজ বুধবার রাতে কলেজটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ কেকা রায় চৌধুরী গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

স্কুল সূত্রে জানা যায়, আজ বুধবার রাতে স্কুলের গভর্নিং বডির এক জরুরি সভায় অভিযুক্ত শিক্ষককে সাময়িক বহিষ্কারের সিদ্ধান্ত হয়। তদন্ত কমিটির সুপারিশের আলোকে অভিযুক্ত আবু সুফিয়ানকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার থেকে তার বহিষ্কারাদেশ কার্যকর হবে।

advertisement

জানা গেছে, গত ২৯ আগস্ট ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের বসন্ধুরা (দিবা) শাখার নবম শ্রেণির এক ছাত্রীর বাবা শিক্ষক আবু সুফিয়ানের বিরুদ্ধে ঢাকা বিভাগীয় কমিশনার বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগে তিনি বলেন, ‘প্রাইভেট পড়ানোর ফাঁকে ওই শিক্ষক বিভিন্ন সময় আমার মেয়েকে অশালীন এসএমএস পাঠিয়েছে। যেগুলো খুবই আপত্তিকর।’

এ ঘটনায় পরে ৩০ আগস্ট বিভাগীয় কমিশনার কার্যালয়ের শিক্ষা ও আইসিটি শাখার সহকারী কমিশনার আল-আমিন হালদারকে অভিযোগ তদন্তের দায়িত্ব দেওয়া হয়। অভিযোগ তদন্তে গত ২ সেপ্টেম্বর স্কুলে গিয়ে গুনানি করেন তদন্ত কর্মকর্তা। ওইদিন কলেজটির শাখাপ্রধান জগদীশ চন্দ্র পালসহ ২৭ জন শিক্ষক আবু সুফিয়ানের সঙ্গে কাজ করতে চার না বলে লিখিত রেজুলেশন দেন।

এদিকে, অভিযোগ ওঠার পরই শিক্ষক আবু সুফিয়ানকে অধ্যক্ষ কার্যালয়ে সংযুক্ত করা হয়েছিল। অভিযুক্ত শিক্ষকের দাবি শাখাপ্রধানের সঙ্গে মতবিরোধের কারণে তাকে ষড়যন্ত্র করে ফাঁসানো হয়েছে।